

বিষয় : অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা।

সভার তারিখ : ২৮ মার্চ, ২০২৩  
সময় : দুপুর ১২:০০ ঘটিকা  
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ এবং জুম প্ল্যাটফর্ম  
সভাপতি : যুগ্মসচিব (উন্নয়ন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
উপস্থিতি : পরিশিষ্ট “ক”


সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সভাপতি GRS বিষয়ে গুরুত্ব এবং নির্ধারিত সময়সীমার মধ্যে অভিযোগ নিষ্পত্তির বিষয়টিও সকলকে অবহিত করেন। সভায় দপ্তর/সংস্থার GRS অভিযোগ সমূহের নিষ্পত্তির সমস্যাগুলো পর্যালোচনা করা হয়। GRS এ প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের জন্য সভায় পরামর্শ দেয়া হয়।

২। এছাড়াও সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) এর বিভিন্ন বিষয়ে প্রশ্ন করা হলে সভাপতি তা সকলকে বিস্তারিত ব্যাখ্যাসহ বুঝিয়ে বলেন এবং প্রতিটি অভিযোগ গুরুত্বসহকারে নিষ্পত্তির বিষয়ে সচেতন থাকার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

নং	সিদ্ধান্ত
১	GRS সিস্টেমে এবং কাগজে প্রাপ্ত অভিযোগ দ্রুত সম্ভব সময়ে নিষ্পন্ন করতে হবে।
২	দপ্তর/সংস্থায় প্রাপ্ত অনিষ্পন্ন/পেন্ডিং অভিযোগগুলো দ্রুত নিষ্পত্তির জন্য দপ্তর সংস্থাকে নির্দেশ দেয়া হয়।
৩	অভিযোগগুলো সুনির্দিষ্ট ভাবে চিহ্নিত করে দ্রুত ব্যবস্থা নিতে হবে।
৪	বেনামি অভিযোগগুলো গুরুত্বের সাথে বিবেচনা করে নিষ্পন্ন করতে হবে।
৫	GRS সিস্টেমে অনেক পুরাতন অভিযোগগুলো এক্টিভেট করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগে যোগাযোগ করতে অনুরোধ করা হয়।

৪। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জাকিয়া আফরোজ)  
যুগ্মসচিব (পরিকল্পনা)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

স্মারক নং-২২.০০.০০০০.০৫৭.৯৯.০০৪.২২.১১(১)

তারিখ: ২৮/০৩/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।

[দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সুশাসন অধিশাখা।]

২. সকল দপ্তর/সংস্থা প্রধান।

৩. উপসচিব, পরিবেশ-১ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

৪. উপসচিব, আইন-২ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

৫. উপসচিব, বন-৩ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

৬. সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৮. সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

*Khair*  
26/03/2023

(মো: খবির উদ্দিন খান)

সিস্টেম এনালিস্ট

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়